

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৫২-আইন/২০২৩।—বীজ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬ নং আইন) এর ধারা ৩১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বীজ বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায়—

(ক) বিধি ৯ এর শিরোনামে উল্লিখিত “বীজ পরিদর্শকের দায়িত্ব” শব্দসমূহের পরিবর্তে “বীজ বিশ্লেষকের দায়িত্ব” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ১১ এর—

(১) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) কোনো বীজ ডিলার নিবন্ধিত বা ছাড়কৃত ফসলের জাতের নাম পরিবর্তন করিতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে, মহাপরিচালক, বীজ অনুবিভাগ/সচিব, জাতীয় বীজ বোর্ড এর অনুমোদনক্রমে, নিবন্ধিত ফসলের জাত অন্য বীজ ডিলারের নিকট শর্তসাপেক্ষে হস্তান্তর করিতে পারিবেন।”;

(২) উপ-বিধি (৫) এ উল্লিখিত “৫ (পাঁচ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১ (এক)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(১১২১১)

মূল্য : টাকা ৪.০০

- (গ) তফসিল-৪ এর ফরম-৯ এ উল্লিখিত “৪। বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ সিড এসোসিয়েশনের সদস্য মর্মে সনদপত্রের কপি দাখিল করিতে হইবে।” সংখ্যা, চিহ্ন, শব্দসমূহ ও দাঁড়ির পরিবর্তে “৪। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের নিয়োগপ্রাপ্ত বীজ ডিলারগণকে বাংলাদেশ সিড এসোসিয়েশনের সদস্য মর্মে এসোসিয়েশনের সনদপত্রের কপি (যদি থাকে) দাখিল করিতে হইবে।” সংখ্যা, চিহ্ন, শব্দসমূহ ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু জুবাইর হোসেন বাবলু
মহাপরিচালক (বীজ)।